সার্কুলার নং- বিজিএ/কাস/২০২৫/২৫৮ — ১১ নভেম্বর, ২০২৫

# সম্মানিত সকল সদস্যের জন্য

**বিষয়ঃ ফ্রেইট ফরওয়ার্ডার কর্তৃক বেআইনি চার্জ আদায় হতে রক্ষার্থে রপ্তানি ঋণপত্র/চুক্তিতে FOB এর পরিবের্তে FCA উল্লেখ করা প্রসঙ্গে।**

আপনাদের সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, রপ্তানি ঋণপত্র/চুক্তিতে FOB (Free on Board) উল্লেখ থাকার কারণে ফ্রেইট ফরওয়ার্ডারগণ রপ্তানিকারকদের নিকট হতে বিভিন্ন নামে বেআইনি চার্জ আদায় করছে।

আমাদের দেশের প্রচলিত নিয়মানুযায়ী রপ্তানিকারক ক্রেতার মনোনীত ফ্রেইট ফরওয়ার্ডারের নির্দেশ মতে নির্ধারিত প্রাইভেট আইসিডি'তে রপ্তানি পণ্য হস্তান্তর করে। ইনকোটার্মস অনুযায়ী এই পদ্ধতিকে FCA (Free Carrier Agent) বলা হয়। FCA পদ্ধতিতে পণ্য হস্তান্তরের পর হতে কোন ব্যয় রপ্তানিকারককে বহন করতে হয় না। কিন্তু ঋণপত্র/চুক্তিতে FOB উল্লেখ থাকলে পণ্য জাহাজে উঠানো পর্যন্ত সকল ব্যয় রপ্তানিকারককে বহন করতে হয়।

আমাদের সদস্য প্রতিষ্ঠানগুলো FCA পদ্ধতিতে রপ্তানি করে থাকলেও ঋণপত্র/চুক্তিতে FOB উল্লেখ থাকার কারণে ফ্রেইট ফরওয়ার্ডারগন বিভিন্ন চার্জ বেআইনিভাবে আদায় করার সুযোগ পাচ্ছে।

ফ্রেইট ফরওয়ার্ডার কর্তৃক বেআইনি চার্জ আদায় বন্ধ করার নিমিত্তে রপ্তানি আদেশ গ্রহনকালে ঋণপত্র/চুক্তিতে FOB এর পরিবর্তে FCA টার্ম উল্লেখ করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহন করার জন্য বিনীত অনুরোধ করছি।

ধন্যবাদান্তে,

১১/১১/২৫

**মেজর মোঃ সাইফুল ইসলাম, পিএসসি, সিএসসিএম (অবঃ)**
ভারপ্রাপ্ত সচিব

**BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION**
বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি
• বাংলাদেশে তৈরি •

Shahinur-customs

BGMEA Complex, House # 7/7A, Block # H-1, Sector # 17, Uttara, Dhaka-1230, Bangladesh. Tel: +880 9638012345 | Hotline: +88 017 3044 2211 | E-mail: info@bgmea.com.bd | Web: www.bgmea.com.bd
**Regional Office:** BGMEA Bhaban (Level- 4 & 5), 669/E, Jhautala Road, South Khulshi, Chattogram. Tel: +880-2333379125-7 (PABX) | Fax: +880-2333379127 | E-mail: info@bgmeactg.org